শ্রীশ্রী হরি স্বহায়:- 3000Rs.

INDIA NON JUDICIAL

३000 रु. Rs. 3000

सत्यमेव जयते

भारत

तीन हज़ार रुपये THREE THOUSAND RUPEES

কোবালা মূল্য ২,০০,০০০ দুই লক্ষ টাকা

থানা বাঁকুড়ার সম্পত্তি

জায়:- থানা বাঁকুড়া মৌজা রঘুনাথপুর থানাওয়ার নং ২৪০ খতিয়ান সি.এস. ৫২ নং এল.আর. ১৫ ও ৫৬ নং দাগ নং সি.এস ৮০ নং এল.আর. ১১২ নং দাগে পরিমান ২.৩৩ একর। পঞ্চায়েত এলাকা।

Addl. District Sub-Registrar, BANKURA.

Addl. District Sub-Registrar, BANKURA.

Addl. District Sub-Registrar, BANKURA.

কোবালা গ্রহীতা :- বাঁকুড়া ইনস্টিটিউট অফ কমপিউটার এন্ড ইনফরমেশন সায়েন্সেস পক্ষে প্রেসিডেন্ট শ্রী আলোকনাথ গোস্বামী পিতা সুরেন্দ্রনাথ গোস্বামী জাতি হিন্দু সাং মধুবন পোঃ পাপুরাডিহী থানা ও জেলা চৌকী বাঁকুড়া হাল সাকিম কাটজুড়িডাঙ্গা বাঁকুড়া পোঃ কেন্দুয়াডিহি থানা ও জেলা চৌকী বাঁকুড়া।

1000Rs.

INDIA NON JUDICIAL

१000रू. Rs 1000

सत्यमेव जयते

भारत

एक हज़ार रुपये ONE THOUSAND RUPEES

-২-

**কোবালা দাতা** :- ১। শ্রী তাপস ভট্টাচার্য্য পিতা শ্রী বামাপদ ভট্টাচার্য্য জাতি হিন্দু পেশা ব্যবসাদী সাকিম চুড়ামণিপুর পোঃ ও থানা বিষ্ণুপুর জেলা বাঁকুড়া । ২। শ্রী বিশ্বরঞ্জন ধূয়া পিতা শ্রী সুনীল কুমার ধূয়া জাতি হিন্দু পেশা ব্যবসাদী সাকিম ও পোঃ কেশিয়াকোল থানা ও জেলা চৌকী বাঁকুড়া ।

পরপৃষ্ঠা - ২

কস্য খোস কোবালা পত্র মিদং কার্য্যঞ্চাগে বিবরণ এই যে, নিম্নের তপশীল বর্ণিত সম্পত্তি থানা বাঁকুড়ার অধীন থানাওয়ার নং ২৪০ রঘুনাথপুর মৌজার মধ্যে বিগত মেজর সেটেলমেন্টের ৫২ নং খতিয়ান ভুক্ত ৮০ আশি দাগে যাহা বর্তমান এল·আর· মাপের ১৫ নং ও ৫৬ নং খতিয়ানভুক্ত ১১২ একশত বার দাগে তড়া ৩৮·৪৯ একর এর মধ্যে আমাদের দুই খন্ড কোবালা দলিল ক্রয় করা চৌহুদ্দী ভুক্ত ২·৩৩ একর দুই একর তেত্রিশ শতক সম্পত্তি আমাদের বাঁকুড়া অতিরিক্ত সাবরেজিষ্ট্রী অফিসের ২৮।১২।২০০১ তারিখের দাখিলীকৃত ও সম্পাদিত ক্রমিক নং ৩৬১৪ যাহা ২০০২ সালে ১১১ নং কোবালা দলিলে থানা বাঁকুড়ার অধীন শীটপুকুর লেন নিবাসী শ্রী নিমাই দে পিতা রামপদ দে এর নিকট হইতে ১·৬৭ একর এক একর সাতষট্টি শতক সম্পত্তি ক্রয় করিয়াছি এবং ঐ অফিসের ২৫।১।২০০২ তারিখের দাখিলীকৃত ও ২২।১।২০০২ তারিখের সম্পাদিত এবং ২২।৫।২০০২ তারিখের রেজিষ্ট্রীকৃত ১৪৯২ নং কোবালা দলিলে থানা বাঁকুড়ার অধীন কমলাডাঙ্গা নিবাসী শ্রী দিলীপ ঘোষ পিতা ˇপ্রয়াগ ঘোষের নিকট হইতে ৬৬ ছেষট্টি শতক সম্পত্তি ক্রয় করিয়াছি। একুনে সর্ব্বমোট ২·৩৩ একর সম্পত্তি আমরা উক্ত নং দলিল মূলে ক্রয় করিয়া নিজ নিজ স্বত্বে স্বত্ববান মতে অন্যের বিনা সংশ্রবে খাস দখলে দখলীকার আছি।

এক্ষণে, আমাদের অন্যত্র লাভজনক সম্পত্তি খরিদ ও নানাবিধ বৈধ কারণে নিম্নের তপশীল বর্ণিত সম্পত্তি বিক্রয়ের বিশেষ আবশ্যক হওয়ায় বিক্রয়ের ঘোষণা প্রচার করিলে পর উক্ত ইনস্টিটিউট এর পক্ষে আপনি তাহা অবগত হইয়া খরিদ করিতে ইচ্ছুক হওয়ায় পঞ্চজনা ভদ্রলোক সাক্ষাতে সর্ব্বোচ্চ উচিৎ মূল্য ২,০০,০০০্ দুই লক্ষ টাকা মূল্য স্থির করিয়া স্থিরকৃত মূল্যের বাবদ সম্যক টাকা ব্যাঙ্ক অফ্ ইন্ডিয়ার কাটজুড়িডাঙ্গা বাঁকুড়া শাখার ২৮।১।২০০৪ তারিখের ১৩৪৬১১১ নং চেকের মাধ্যমে আপনাদের পক্ষে বিশ্বরঞ্জন ধুয়া উক্ত চেক্ গ্রহণ করিয়া অদ্য অত্র খোস কোবালা পত্র দলিল দ্বারা নিম্নের তপশীল বর্ণিত সম্পত্তি উক্ত ইনস্টিটিউট এর পক্ষে আপনাকে বিক্রয় করিয়া দিয়া বিক্রীত তপশীল বর্ণিত সম্পত্তি হইতে আমরা মায় ওয়ারিশান স্থলাভিষিক্তকারীগণ ক্রমে চিরকালের জন্য সর্ব্বোতভাবে চিরনিঃস্বত্ব ও দখলচ্যুত হইলাম। বিক্রীত তপশীল বর্ণিত সম্পত্তিতে আমাদের যাহা কিছু নির্ব্যূঢ় স্বত্ব

আয় লভ্য পাওনাদি ছিল বা আছে অদ্য হইতে তাহা সম্পূর্ণরূপে লোপ পাইয়া ইনস্টিটিউট পক্ষে আপনার প্রতি অর্পিল ও বর্ত্তিল । অদ্যকার তারিখ হইতে উক্ত ইনস্টিটিউট পক্ষে আপনি বিক্রীত তপশীল বর্ণিত সম্পত্তিতে আমাদের ন্যায় যাবদীয় নির্ব্যুঢ় স্বত্বে স্বত্ববান ও সর্ব্বপ্রকার দান বিক্রয় হস্তান্তরাদির মালিক অধিকারী হইয়া বিক্রীত তপশীল বর্ণিত সম্পত্তিতে ইচ্ছামত ভাবে কাঁচা পাকা বাড়ী তৈয়ারী করিয়া কূপ পায়খানাদী নিস্মান মতে ইলেকট্রিক কানেকশন লইয়া জল নিস্কাশনের জন্য ড্রেন প্রস্তুত করিয়া বা নানাজাতীয় বৃক্ষরোপণ করিয়া বা উক্ত ইনস্টিটিউট পক্ষে আপনার যেরূপভাবে ভোগ দখলের সুবিধা হইবে সেইমত ভাবে ব্যবহার ও দখলাধিকার করিয়া যদৃচ্ছাচারে পরম সুখে ভোগদখল করিতে থাকুন এবং বিক্রীত তপশীল বর্ণিত সম্পত্তির সনাতি জমা নিম্নলিখিত মত নিম্নলিখিত মালিক জমীন বরাবর সন সন বিনা কমী বেশীতে আদায় দিয়া মালিকী জমীন সেরেস্তায় আমাদের নাম খারিজ মতে উক্ত ইনস্টিটিউট পক্ষে আপনার নাম পত্তন করিয়া পরম সুখে ভোগ দখল করিতে থাকুন তাহাতে আমাদের মায় ওয়ারিশান স্থলাভিষিক্তকারীগণ ক্রমে কেহ কখনও কোনপ্রকার দাবী দাওয়া বা ওজর আপত্য কিছুমাত্র করিতে পারিব না বা পারিবে না করিলেও তাহা সর্ব্বক্ষেত্রে সর্ব্বস্থলে বাতিল বা নামঞ্জুর বলিয়া গণ্য হইবেক । বিক্রীত তপশীল বর্ণিত সম্পত্তি সম্পূর্ণ নিদায় ও নির্দ্দোষ অবস্থায় উক্ত ইনস্টিটিউট পক্ষে আপনাকে বিক্রয় করিয়া দিলাম । প্রকাশ থাকে যে, বিক্রীত তপশীল বর্ণিত সম্পত্তি পূর্বে কাহাকেও বা সরকারী কোন সংস্থায় কোনপ্রকার মরগেজ বা দায়বদ্ধ করি নাই । যদি ভবিষ্যতে কোনদিন বিক্রীত তপশীল বর্ণিত সম্পত্তি আমাদের কৃতকর্ম্ম দোষে কোনপ্রকার মরগেজাদী বা দায়বদ্ধতা প্রকাশ পায় বা উক্ত ইনস্টিটিউট পক্ষে আপনার স্বত্ব দখলের কোনরূপ ছায়াপাত ঘটে তাহা হইলে আমরা মায় ওয়ারিশান তাহা নিজ খরচায় উদ্ধার করিয়া দিতে উক্ত ইনস্টিটিউটের প্রতি বাধ্য ও বদ্ধ রহিলাম । অন্যথায় দেওয়ানী ও ফৌজদারী উভয় বিধি আইন আমাদের কৃতকর্ম্ম দোষে আমাদের উপর প্রয়োজ্য হইবেক । এতদর্থে অত্র দলিলের লিখিত মূল্য বাবদ সম্যক টাকা চেকের মাধ্যমে গ্রহণ করিয়া স্ব স্ব ইচ্ছায় সরলমনে সুস্থচিত্তে অন্যের বিনা অনুরোধে আপন আপন খুশীতে অত্র খোস কোবালা পত্র দলিল সম্পাদন করিয়া দিলাম । ইতি বাংলা ১৪১০ চৌদ্দশত দশ সালের ১৩ তেরই মাঘ ইংরাজী ২০০৪ দুই হাজার চার সালের ২৮ আটাশে জানুয়ারী ।

## তপশীল

পরগনা বিষ্ণুপুর জেলা চৌকী কালেকটারী রেজেস্টারী সাবরেজেস্টারী থানা বাঁকুড়া সামীল থানাওয়ার নং ২৪০ রেঃ সাঃ নং ৮৪৬ তৌজি নং ৪ রঘুনাথপুর মৌজার মধ্যে বিগত মেজর সেটেলমেন্টের ৫২ নং খতিয়ানভুক্ত ৮০ আশি দাগ যাহা বর্ত্তমান এল·আর·

স্বাক্ষর. গৃহীত - বাঁহাতের বৃদ্ধাঙ্গুষ্ঠ হইতে কনিষ্ঠ পর্যন্ত ক্রমানুসারে
এবং ডানহাতের বৃদ্ধাঙ্গুষ্ঠ অনুসারে, শ্রী-
স্বেচ্ছায় শ্রী অশোক নাথ গোস্বামী



অশোক নাথ গোস্বামী

গৃহীত - বাঁহাতের বৃদ্ধাঙ্গুষ্ঠ হইতে কনিষ্ঠ পর্যন্ত
এবং ডানহাতের বৃদ্ধাঙ্গুষ্ঠ অনুসারে,
শ্রী. স্বেচ্ছায় শ্রী অশোক নাথ গোস্বামী

আমার দুই হাতের দশ আঙুলের টিপছাপ
দেওয়াই! আমি স্বেচ্ছায় সুস্থ ও স্বজ্ঞানে
স্বাক্ষরিত করিলাম।

অশোক নাথ গোস্বামী

বাম হস্ত

স্বাক্ষর- শ্রী- তাপস ভট্টাচার্য্য

দক্ষিণ হস্ত



শ্রী তাপস ভট্টাচার্য্য

স্বাক্ষর- শ্রী- তাপস ভট্টাচার্য্য

আমার পুরা নাম ও দুই হস্তের সমস্ত আঙ্গুলের ছাপ ও পাসপোর্ট সাইজের রঙিন ছবি প্রত্যয়িত করিলাম

শ্রী তাপস ভট্টাচার্য্য

বাম হস্ত

শ্রী- বিশ্বরঞ্জন ভূঁইয়া

দক্ষিণ হস্ত



বিশ্বরঞ্জন ভূঁইয়া

শ্রী- বিশ্বরঞ্জন ভূঁইয়া

আমার পুরা নাম ও দুই হস্তের সমস্ত আঙ্গুলের ছাপ ও রঙিন পাসপোর্ট সাইজের ছবি প্রত্যয়িত করিলাম



আমি – শ্রী – তাপস – ভট্টাচার্য্য
আমার পুরোনাম ও দুই হস্তের দশ অঙ্গুলের ছাপ ও সাদা পোষ্ট কার্ডের রঙিন ছবি প্রত্যয়িত করিলাম

শ্রী তাপস ভট্টাচার্য্য

বাম হস্ত — শ্রী – বিশ্বরঞ্জন ভুঁইয়া — দক্ষিণ হস্ত



বিশ্বরঞ্জন ভুঁইয়া

শ্রী – বিশ্বরঞ্জন ভুঁইয়া
আমার পুরোনাম ও দুই হস্তের দশ অঙ্গুলের ছাপ ও রঙিন সাদা পোষ্ট কার্ডের ছবি প্রত্যয়িত করিলাম।

বিশ্বরঞ্জন ভুঁইয়া

মাপের ১৫ ও ৫৬ নং খতিয়ানভুক্ত ১১২ একশত বার দাগে ৩৮.৪৯ একর আটত্রিশ একর উনপঞ্চাশ শতকের মধ্যে আমাদের উক্ত ২০০২ সালের বাঁকুড়া অতিরিক্ত সাবরেজেষ্ট্রী অফিসের ১১১ নং ও ১৪৯২ নং কোবালা দলিলে ক্রয় করা সম্পত্তির সম্যক স্বত্ত্বাদি যাহা অত্র দলিলের সহিত দাখিলীকৃত নক্সায় লাল রং বেষ্টিত ভূমি দলিলের একাংশ গণ্যে ২.৩৩ একর দুই একর তেত্রিশ শতক তড়া ভূমি যাহা আমাদের ক্রয় করা সম্পত্তি হইতে তাহা মায় যাতাযাতি রাস্তার স্বত্ত্বসহ উক্ত ইনস্টিটিউট পক্ষে আপনাকে বিক্রয় করিলাম। রায়ত স্বত্ত্বীয় মোট জমার হার হারীতে ধার্য্যিত খাজনা পশ্চিমবঙ্গ সরকার পক্ষে বাঁকুড়া ২ নং বি.এল এন্ড এল.আর.ও. আদায় পান।

কৈঃ- অত্র দলিলের কোবালা গ্রহীতার পাঠে কমপিউটার শব্দের পর "এন্ড ইনফরমেশন" শব্দ দুইটি তোলাপাঠে লেখা আছে।

শ্রী তপন চক্রবর্ত্তী

অত্র দলিলের শেষে ১(ক) ১(খ) দুটি পৃষ্ঠায় একজন গ্রহীতা ও দুই জন দাতা প্রত্যেকের পুরানাম, সহি, রঙিন পাসপোর্ট সাইজের ছবি ও দশ আঙুলের টিপছাপ প্রত্যয়িত করা হইল। ইহা মূল দলিলের একাংশ বলিয়া গণ্য হইবে।

Apurba Kumar Goswami.
Advocate, Bankura

Drafted and prepared
by
Apurba Kumar Goswami.
Advocate, Bankura.
Enrol No. F 601/1985.

ইসাদী :-

শ্রী গোপাল সাহা
বাঁকুড়া জজ কোর্ট
বাঁকুড়া
এ/সি নং ২৬৭/৮৮

গৌতম নায়ক
পিতা ৺ সন্তোষ নায়ক
জুনবেদিয়া, বাঁকুড়া।

Apurba Kumar Goswami
Advocate, Bankura

শ্রী শ্যামাপদ মন্ডল
বাঁকুড়া জজকোর্ট
বাঁকুড়া
এ/সি নং ২৮/৯৪

মুদ্রণেঃ
তপন দাস
( তপন দাস )
পাটপুর, বাঁকুড়া।

Addl. District Sub-Registrar
BANKURA.
28.1.2004

Addl. District Sub-Registrar
BANKURA.
16/3/04